উন্নয়নের অক্সিজেন রাজস্ব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম
নিলাম শাখা
www.chc.gov.bd

জনকল্যাণে রাজস্ব

নথি নং-৫/কা.হা.চট্ট/নিলাম/৫৪/ই-অকশন নং-০৭/২০২৫/ তারিখ- /০৭/২০২৫খ্রি.

বিষয়: E-Auction (টেন্ডার সেল নং-০৭/২০২৫) বিজ্ঞপ্তি প্রচার।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দরে রক্ষিত অখালাসকৃত, আটককৃত ও বাজেয়াপ্ত পণ্যচালানসমূহ ই-নিলাম/টেন্ডারে বিক্রয়ের জন্য আগামী ৩০/০৭/২০২৫ খ্রি. তারিখে ই-অকশন/টেন্ডার সেল নং-০৭/২০২৫ অনুষ্ঠানের দিন ধার্য করা হয়েছে।

২। জাতীয় রাজস্ব বোর্ডের নিলাম সংক্রান্ত স্থায়ী আদেশ-৯১/কাস্টমস/২০২৫/১২৩ তারিখ: ০২/০৭/২০২৫ খ্রি. মোতাবেক বহুল প্রচারিত ০১ টি জাতীয় দৈনিক পত্রিকা এবং ০১ টি স্থানীয় দৈনিক পত্রিকা; জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট (www.nbr.gov.bd) ও কাস্টমস হাউস, চট্টগ্রাম এর ওয়েবসাইটে (www.chc.gov.bd) ই-অকশন/টেন্ডার সেল নং-০৭/২০২৫ এর বিজ্ঞপ্তি নিলাম অনুষ্ঠিত হওয়ার ১০ (দশ) দিন পূর্বে অর্থাৎ আগামী ১৫/০৭/২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রকাশ করার জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

৩। নিলাম বিজ্ঞাপনে নিম্নরূপ শর্ত উল্লেখ থাকবে:

(ক) আগ্রহী নিলাম ক্রেতাগণ আগামী ১৫/০৭/২০২৫ খ্রি. সকাল ৯.০০ টা হতে ৩০/০৭/২০২৫ খ্রি. দুপুর ২.০০ টা পর্যন্ত www.bangladeshcustoms.gov.bd, www.chc.gov.bd, www.nbr.gov.bd ওয়েবসাইটে উল্লিখিত E-Auction Module (103.48.18.166/auction/301) এ রেজিস্ট্রেশন করে উক্ত নিলামে অংশগ্রহণ করতে পারবেন। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি শ্রেণীর দরদাতার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র, টিআইএন সনদ ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র এবং দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন, টিআইএন সনদ ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র থাকতে হবে। অনলাইনে নিলামে অংশগ্রহণকালে/বিড করার সময় কোটেশন মূল্যের কমপক্ষে ১০% অর্থ জামানত হিসেবে যেকোন তফসিলি ব্যাংক হতে "কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম" এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর স্ক্যান কপি অনলাইনে দাখিল করতে হবে এবং পরবর্তীতে স্ক্যানকৃত পে-অর্ডারের মূল কপি ও প্রযোজ্য অন্যান্য দলিলাদি নির্ধারিত সময়ের (৩০/০৭/২০২৫ তারিখ দুপুর ২.০০ টা) এর মধ্যে সীলগালাযুক্ত খামে কাস্টমস হাউস, চট্টগ্রাম এর নিলাম শাখায় রক্ষিত দরপত্র বাক্সে অবশ্যই দাখিল/জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পে-অর্ডারের মূল কপি জমা প্রদানে ব্যর্থ হলে অনলাইনে দাখিলকৃত দর বাতিল বলে গণ্য হবে।

(খ) আগামী ১৬/০৭/২০২৫ খ্রি. থেকে ২২/০৭/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন পণ্য পরিদর্শন করা যাবে।

(গ) সংশোধনী তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে): ২৭/০৭/২০২৫ খ্রি.।

স্বাক্ষরিত/-
(মোঃ সাকিব হোসেন)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

প্রাপক : স্বত্বাধিকারী
মেসার্স কে এম কর্পোরেশন
৩০৬, স্ট্র্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম।

নথি নং-৫/কা.হা.চট্ট/নিলাম/৫৪/ই-অকশন নং-০৭/২০২৫/৩১৭৯ (১) তারিখ- ১৩/০৭/২০২৫খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস-১, কাস্টম হাউস, চট্টগ্রাম।
২। জয়েন্ট কমিশনার অব কাস্টমস (নিলাম), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৩। সহকারী/ডেপুটি কমিশনার অব কাস্টমস (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৪। পিএ-টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৫। পিএ-টু-কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ (ই-অকশন বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
২। সিস্টেম এনালিস্ট, কাস্টম হাউস, চট্টগ্রাম (ই-অকশন বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩। পরিচালক (ট্রাফিক), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪। রেভিনিউ অফিসার (নিলাম), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৫। গোলা অফিসার (নিলাম), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৬। এল.পি.ও সুপার/অডিট অফিসার (টিএ)/নিরাপত্তা পরিদর্শক, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৭। নোটিশ বোর্ড।
৮। অফিস কপি।

14.07.25

(মোঃ সাকিব হোসেন)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস